বাবা-মায়েদের প্রায়সই জিজ্ঞাসিত প্রশ্নমালা
নিউ ইয়র্ক রাজ্যের বার্ষিক 3-8 শ্রেণীর
ইংরেজি ভাষাশিল্প ও গনিতের পরীক্ষা

1. **আমরা একটি রাজ্যব্যাপী বার্ষিক পরীক্ষা নিই কেন?**
   - নিউ ইয়র্ক রাজ্যের বার্ষিক 3-8 শ্রেণীর ইংরেজি ভাষাশিল্প (English Language Arts, ELA) ও গণিত পরীক্ষা এমনভাবে পরিকল্পিত হয়েছে যেন তা শিক্ষার্থীদের শ্রেণীকক্ষে পথপ্রদর্শনের জন্য দেওয়া নির্দেশগুলি শেখার মান কতটা আয়ত্ত করতে পারছে তা মাপতে পারে এবং আজকের দুনিয়ায় সাফল্য পেতে যে জটিল চিন্তাধারা, সমস্যার সমাধান করা এবং যুক্তির দক্ষতার প্রয়োজন, উচ্চ বিদ্যালয় থেকে গ্র্যাজুয়েট হতে যাওয়া শিক্ষার্থীদের সে বিষয়ে সঠিক পথে থাকা সুনিশ্চিত করতে সাহায্য করতে পারে।
   - 2015-এর যুক্তরাষ্ট্রীয় প্রত্যেক শিক্ষার্থী সফল আইন (Every Student Succeeds Act) অনুযায়ী 3-8 শ্রেণীর শিক্ষার্থীদের বছরে একবার ইংরেজি (ELA) ভাষাশিল্প ও গনিতের পরীক্ষা নেওয়া প্রয়োজন। একবার প্রাথমিক ও একবার মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞানের অতিরিক্ত পরীক্ষা নেওয়ার প্রয়োজন।
   - কয়েক দশক ধরে নিউ ইয়র্ক রাজ্যের শিক্ষার্থীরা রাজ্যের পরীক্ষা দিচ্ছে। 2010-এ শিক্ষার উচ্চমানের নীতি গ্রহণ করার পর থেকে শিক্ষার্থীদের জন্য রাজ্যের অতিরিক্ত কোন পরীক্ষা চালু করা হয়নি।
2. **2017-এর 3-8 শ্রেণীর ইংরেজি ভাষাশিল্প ও গনিতের পরীক্ষা কবে নেওয়া হবে?**
   - 2017-এ ইংরেজি (ELA) ভাষাশিল্প-এর পরীক্ষা 28-30 মার্চ ও গনিতের পরীক্ষা 2-4 মে নেওয়া হবে।
   - যে জেলাগুলি কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা নিয়ে থাকে তাদের পরীক্ষার তারিখগুলি সামান্য আলাদা হতে পারে: পরীক্ষার সুযোগগুলি হল ইংরেজি ভাষাশিল্প- (ELA) এর জন্য 27 মার্চ থেকে 3 এপ্রিল ও গনিতের জন্য 1-8 মে। CBT-তে অংশ নেওয়া জেলাগুলি এই পরীক্ষার সুযোগগুলির মধ্যে থেকে সর্বোচ্চ তিনদিন বেছে নেবে।
   - যে সব শিক্ষার্থী পরীক্ষার দিনগুলিতে অনুপস্থিত থাকবে তাদের পরীক্ষার জন্য বর্ধিত তারিখ রয়েছে।
3. **কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা কী?**
   - কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা নেওয়া হয় কোন কম্পিউটার, ট্যাবলেট বা ক্রোমবুক (Chromebook) -এ। অন্যভাবে বললে, শিক্ষার্থীরা পরীক্ষাটি কাগজ-পেনসিলে দেওয়ার বদলে কম্পিউটারেও দিতে পারে।
   - রাজ্যের শিক্ষা বিভাগ (State Department of Education) (বিভাগ) জেলাগুলিকে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় (CBT) রূপান্তরে সাহায্য করছে। এই বসন্তে কয়েকটি জেলা 2017-এর 3-8 শ্রেণীর ইংরেজি ভাষাশিল্প (ELA) ও গণিতের পরীক্ষার জন্য CBT-তে অংশ নেওয়া বেছে নিয়েছে। *কম্পিউটারে পরীক্ষা ও কাগজে পরীক্ষা আসলে একই পরীক্ষা। একমাত্র তফাৎ হল এই যে কম্পিউটারে নেওয়া পরীক্ষায় শিক্ষার্থীরা পেনসিল দিয়ে উত্তরের বুদ্বুদ ভরাট করা বা হাতে লিখে প্রতিক্রিয়া দেওয়ার বদলে উত্তরের বুদ্বুদে ক্লিক করবে ও তাদের প্রতিক্রিয়া টাইপ করবে।*
   - পরের বছর অতিরিক্ত কিছু জেলাতে CBT ব্যবহারের বিষয়ে বিভাগের পরিকল্পনা রয়েছে। দীর্ঘমেয়াদী পরিকল্পনা হল সবকটি জেলাতেই রাজ্যের বার্ষিক পরীক্ষায় CBT ব্যবহার করা।
4. **পরীক্ষায় কী ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করা হয়?**
   - পরীক্ষার কাগজ ও কম্পিউটার সংস্করণে একাধিক উত্তরের থেকে বেছে নেওয়ার ও উন্মুক্ত-সীমার, উভয় ধরনের প্রশ্নই থেকে থাকে, যেগুলি শ্রেণীস্তর-নির্দিষ্ট শিক্ষার মান মূল্যায়ন করে। প্রশ্নগুলির উত্তর দিতে শিক্ষার্থীদেরকে নিজেদের জ্ঞান প্রয়োগ করতে ও যুক্তি দিয়ে ব্যাখ্যা করতে হয়। শিক্ষার্থীরা জটিল বক্তব্য পড়তে, সঠিক যুক্তিসহ প্রতিক্রিয়া লিখতে ও বাস্তবজগতের প্রশ্নের অঙ্কের সমাধান করতে সময় ব্যয় করে, যেগুলির সবকটির অভ্যাস ও আয়ত্ত করা কলেজে ও কর্মক্ষেত্রে সফল হওয়ার জরুরি দক্ষতা অর্জনের ভিত্তি প্রদান করে।
   - গত বসন্তে বিভাগ 2016-এর পরীক্ষার 75% প্রশ্ন প্রকাশ করেছিল – এই পরীক্ষণ কর্মসূচির ক্ষেত্রে যে প্রশ্নগুলি সংখ্যায় অভূতপূর্ব বেশি। আপনি 2016 questions EngageNY (https://www.engageny.org/3-8)-তে দেখে নিতে পারেন।
   - 2017-তেও 2016-এর পরীক্ষার মতো একই সংখ্যক প্রশ্নে পরীক্ষা নেওয়া হবে। বিগত বছরগুলির তুলনায় 2016-এর পরীক্ষায় ইংরেজি ভাষাশিল্প (ELA) ও গণিত, উভয়ের ক্ষেত্রেই কম সংখ্যক প্রশ্ন ছিল।
5. **আমার সন্তানের জন্য এই পরীক্ষা দেওয়া জরুরি কেন?**
   - এই পরীক্ষাগুলি শিক্ষকদেরকে ও বিদ্যালয়গুলিকে যে তথ্য প্রদান করে তা তাঁদের নির্দেশকে পথ দেখাতে ও শ্রেণী পরিকল্পনায় ব্যবহার করা যায় এবং শিক্ষার্থীরা শ্রেণীকক্ষে শেখানো দক্ষতা ও ধারনাসমূহের ক্ষেত্রে কীভাবে অগ্রসর হচ্ছে তা বুঝতেও সাহায্য করে।
   - পরীক্ষার ফলাফল থেকে বিভিন্ন জনগোষ্ঠীর শিক্ষার্থীদের কৃতিত্ব অর্জনে কী পরিমাণ ফাঁক থেকে যাচ্ছে তাও শনাক্ত করা যায়। পরীক্ষায় ব্যাপক অংশগ্রহণ ছাড়া বিদ্যালয় ও জেলার নেতৃত্বের পক্ষে এই ফাঁকগুলি শনাক্ত করা এবং যাদের প্রয়োজন সেই শিক্ষার্থীদের সহায়তা ও সম্পদ প্রদান করা আরও বেশি অসুবিধাজনক।
6. **মার্কিন যুক্তরাষ্ট্রে নতুন আসা ইংরেজি শিক্ষার্থীদেরও (English Language Learners) কি 3-8 শ্রেণীর ইংরেজি (ELA) ভাষাশিল্পের পরীক্ষা নেওয়া হবে?**
   - যুক্তরাষ্ট্রীয় আইন অনুযায়ী বিভাগের বর্তমান নীতি হল সেইসব ইংরেজি ভাষার শিক্ষার্থীকে (যাঁরা পুয়ের্তো রিকো থেকে এসেছেন, তাঁদের সহ) শুধুমাত্র 2017-এর ইংরেজি ভাষাশিল্পের (ELA) 3-8 শ্রেণীর পরীক্ষা থেকে ছাড় দেওয়া, যাঁরা মার্চ 27, 2017-এ প্রথমবার ও এক বছরের কম সময় মার্কিন যুক্তরাষ্ট্রের বিদ্যালয়ে পড়াশোনা করছেন।
   - সম্প্রতি আগত যেসব ইংরেজি ভাষার শিক্ষার্থী উপরের মানদণ্ড পূরণ করেন, তাঁদের অংশগ্রহণের প্রয়োজন পূরণ করতে বিদ্যালয়গুলি 2017-এর ইংরেজি ভাষাশিল্পের 3-8 শ্রেণীর পরীক্ষার বদলে নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাংগুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট (New York State English as a Second Language Achievement Test, NYSESLAT) ব্যবহার করতে পারেন।
   - অন্য সব ইংরেজি ভাষার শিক্ষার্থীর 2017-এর ইংরেজি ভাষাশিল্পের 3-8 শ্রেণীর পরীক্ষায় তথা NYSESLAT-এ অংশ নেওয়া প্রত্যাশিত।

7. **প্রতিবন্ধকতাযুক্ত শিক্ষার্থীদের পরীক্ষায় মানিয়ে নেওয়ার কি কোন ব্যবস্থা আছে?**
   - হ্যাঁ, পরীক্ষা নেওয়ার ব্যবস্থায় শিক্ষার্থীর শেখার প্রত্যাশা না কমিয়েও পরীক্ষায় প্রতিবন্ধকতা দ্বারা সৃষ্ট অসুবিধাসমূহ দূর করতে পরীক্ষা নেওয়ার ব্যবস্থাপনায় পরিবর্তন করা হয়। শিক্ষার্থীর অনন্য প্রয়োজনীয়তার ভিত্তিতে বিশেষ শিক্ষা-বিষয়ক কমিটি (Committee on Special Education, CSE) অথবা ধারা 504 কমিটি একক শিক্ষার্থীর জন্য নির্দিষ্ট পরীক্ষার ব্যবস্থাপনার সুপারিশ করে।
   - শিক্ষার্থীর স্বতন্ত্র শিক্ষা কার্যক্রমসমূহ (Individualized Education Programs, IEPs) অথবা ধারা 504-এর পরিকল্পনায় পরীক্ষার ব্যবস্থাপনার নথি রাখা আবশ্যক এবং এর মধ্যে পড়তে পারে: সময়সূচিতে/সময় নির্ধারণে নমনীয়তা (উদাহরণস্বরূপ, পরীক্ষার সময় বাড়ানো); পরীক্ষার বিন্যাসে নমনীয়তা (উদাহরণস্বরূপ, আলাদা জায়গায় পরীক্ষা নেওয়া); পরীক্ষার উপস্থাপনায় বদল (উদাহরণস্বরূপ, মুদ্রণের আকার বাড়ানো); এবং প্রতিক্রিয়ার পদ্ধতিতে বদল (উদাহরণস্বরূপ, লিখিত প্রতিক্রিয়ার জন্য একজন অনুলেখক ব্যবহার করা)।
   - অধ্যক্ষদের দায়িত্ব প্রতিবন্ধকতাযুক্ত শিক্ষার্থীদের যাবতীয় রাজ্য ও স্থানীয় স্তরের পরীক্ষার ব্যবস্থাপনা IEP/ধারা 504 পরিকল্পনার সুপারিশের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ও বিভাগের নীতি অনুযায়ী হওয়া নিশ্চিত করা।

8. **আমার সন্তানের নম্বরের রিপোর্ট থেকে আমি কী শিখবো?**
   - বার্ষিক মূল্যায়নের ফলাফল আপনাকে আপনার সন্তানের শিক্ষাগত অগ্রগতি ও কৃতিত্ব সম্পর্কে তথ্য দেয়। সারা রাজ্যজুড়ে অন্য শিক্ষার্থীদের তুলনায় আপনার সন্তান কেমন করলো তা আপনি দেখতে পাবেন। গ্রীষ্মের মধ্যেই নম্বরের রিপোর্ট তৈরি হয়ে যাবে।
   - একটি সার্বিক নম্বরের স্কেল ও প্রদর্শনের স্তর প্রদান করার সঙ্গে ইংরেজি ভাষাশিল্প (ELA) ও গণিতের রিপোর্ট দেখায় যে আপনার সন্তান কোন নির্দিষ্ট দক্ষতায় ও ধারনার ক্ষেত্রে কত নম্বর পেয়েছে। উদাহরণস্বরূপ, ইংরেজি (ELA) ভাষাশিল্প-এর রিপোর্টটি পড়া ও লেখা উভয়ের জন্যই নম্বর দেয়; গণিতের রিপোর্টটি শ্রেণীর স্তরের মূল ধারনাগুলির জন্য নম্বর দেয়। এই তথ্য আপনার সন্তানের শিক্ষকদের বুঝতে সাহায্য করে যে সে কোন জায়গায় ভালো করছে এবং কোথায় তার আরও সহায়তার প্রয়োজন।
   - বাবা-মায়েদের জন্য করা নম্বরের রিপোর্টগুলি 2016-তে নতুন করে পরিকল্পিত হয়েছে যা আরও বেশি উপযোগী ও বোধগম্য হবে।

9. **আমার সন্তানের নম্বর কীভাবে ব্যবহার করা হবে?**
   - আপনার সন্তানের নম্বরগুলি ব্যবহার করে আপনি আপনার সন্তানের শিক্ষকদের সঙ্গে এসম্পর্কে আলোচনা করতে পারেন যে, তার শ্রেণীতে তার অতিরিক্ত কী ধরনের সহায়তার প্রয়োজন ও সেইসঙ্গে আপনার সন্তানের বাড়িতে শিক্ষায় সহায়তার বিষয়ে আর কী কী উপায় থাকতে পারে।
   - বিদ্যালয়গুলি, জেলাগুলি ও রাজ্য নিউ ইয়র্কের শিক্ষার মানের সাপেক্ষে কতটা অগ্রসর হলতা দেখতেও নম্বরগুলি ব্যবহার করা যাবে।
   - কমিশনার অব এডুকেশন-এর রাজ্যের আইন ও প্রবিধানে (State law and regulations of the Commissioner of Education) বিদ্যালয় জেলাগুলিকে, শুধুমাত্র বা প্রাথমিকভাবে শিক্ষার্থীদের 3-8 শ্রেণীতে ইংরেজি ভাষাশিল্প (ELA) ও গণিতের পরীক্ষাগুলির প্রদর্শনের ভিত্তিতে উন্নীত করার বা অবস্থানের সিদ্ধান্ত নিতে নিষেধ করে। সরকারীভাবে নম্বরগুলি বর্তমানে শিক্ষকদের মূল্যায়ন করার জন্য ব্যবহৃত হয় না।

10. **যদি আমার সন্তানের রিপোর্ট কার্ড ভালো থাকে, কিন্তু সে রাজ্যের পরীক্ষায় ততটা ভালো করতে না পারে তাহলে কী হবে?**
   - এই বার্ষিক পরীক্ষাগুলি কেবল একটি শিশুর শিক্ষাগত প্রদর্শন মাপার বিভিন্ন ব্যবস্থার একটি এবং তা সময়ের একটি খণ্ডদৃশ্যই চিত্রিত করে।
   - রিপোর্ট কার্ডের শ্রেণীগুলি ক্রমবর্ধিষ্ণু এবং বিভিন্ন বিষয়ভিত্তিক, যার মধ্যে পড়ে, শ্রেণীতে অংশগ্রহণ, বাড়ির কাজ, উপস্থিতি, কুইজ, পরীক্ষা ও অন্যান্য নির্দেশমূলক কার্যকলাপ, যার সবকটিই শিশুর শিক্ষাগত কৃতিত্ব অর্জনের জন্য জরুরি, কিন্তু রাজ্যের বার্ষিক পরীক্ষার ফলে প্রতিফলিত হয় না।

11. **পরীক্ষা কতক্ষণ ধরে চলে?**
   - ইংরেজি ভাষাশিল্প (ELA) ও গণিতের পরীক্ষাগুলি তিনদিন ধরে নেওয়া হয়। এটা অনুমান করা হয় যে 3 ও 4 শ্রেণীর শিক্ষার্থীরা পরীক্ষার প্রতিটি দিনে 60-70 মিনিট ধরে পরীক্ষা দেয়, যেখানে 5-8 শ্রেণীর শিক্ষার্থীরা পরীক্ষার প্রতিটি দিনে 80-90 মিনিট ধরে পরীক্ষা দেয়। সাধারণভাবে, একজন শিক্ষার্থী সারাবছরে শ্রেণীতে যতটা সময় ব্যয় করে, এই পরীক্ষায় তার 1-শতাংশেরও কম সময় লাগে।
   - যদিও, 2017 থেকে এই পরীক্ষাগুলিতে সময়সীমা থাকবে না, পরীক্ষা দিতে ঠিক কত সময় লাগে তা শিক্ষার্থী থেকে শিক্ষার্থীতে পরিবর্তিত হবে। 2016-এর পরীক্ষাগুলিতেও সময়সীমা ছিল না।

12. **এই পরীক্ষার বিকাশ প্রক্রিয়ায় নিউ ইয়র্ক রাজ্যের শিক্ষকরা কীভাবে জড়িত?**
   - NYS শিক্ষকগণ 3-8 শ্রেণীর ইংরেজি ভাষাশিল্প (ELA) ও গণিতের পরীক্ষার প্রতিটি রচনাংশ ও প্রশ্ন পর্যালোচনা ও অনুমোদন করেন।
   - পরীক্ষার বিকাশকালে 2017-এর পরীক্ষাগুলির প্রশ্নমালা মূল্যায়ন ও নির্বাচন করার জন্য সারা রাজ্যের শিক্ষকরা অনেকবার অ্যালবানি-তে একত্রিত হয়েছেন। 2017-এর পরীক্ষাগুলির প্রত্যেকটি প্রশ্ন অন্ততপক্ষে 22 জন শিক্ষাবিদ দ্বারা পর্যালোচিত হয়েছে।
   - 2016 থেকে নিউ ইয়র্ক রাজ্যের শিক্ষকগণ ভবিষ্যতের পরীক্ষার প্রশ্নমালা তৈরিতে নিযুক্ত রয়েছেন। এই প্রশ্নগুলি প্রথমবার দেখা যাবে 2018-এর পরীক্ষাগুলিতে।

13. **এই পরীক্ষা কর্মসূচিকে আরও উন্নত করতে আর কী কী করা হচ্ছে?**
   - তাঁদের শ্রেণীকক্ষের কার্যকলাপ ও রাজ্যের শিক্ষার মানের সঙ্গে ঘনিষ্ঠ সঙ্গতি রাখা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক রাজ্যের শিক্ষকরা ভবিষ্যতের পরীক্ষাগুলির বিকাশের সঙ্গেও খুব বেশি করে জড়িত থাকবেন।
   - বিভাগ থেকে আরও বেশিসংখ্যক জেলাকে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষণে রূপান্তরে সাহায্য করা হচ্ছে যা শেষমেশ আরও দ্রুত ফলাফল উপলব্ধ করবে।
   - 2016-এর মতোই, বিদ্যালয়ের শিক্ষাবর্ষ শেষ হওয়ার আগেই বিভাগ থেকে পরীক্ষার প্রশ্নমালার 75-শতাংশ প্রকাশ করা হবে এবং শিক্ষকদের কাছে নির্দেশ সম্বলিত রিপোর্টগুলি ফেরত পাঠানো হবে।